

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৬৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - নাম রাখা

আরবী

رَعُن

مسروقٍ قَالَ: لَقِيتُ عُمَرَ فَقَالَ: مَنْ أَنْتَ؟ قُلْتُ: مَسْرُوقُ بْنُ الْأَجْدَعِ. قَالَ عُمَرُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «الْأَجْدَعُ شيطانٌ» رَوَاهُ أَبُو دَاؤُد وابنُ مَاجَه

বাংলা

8৭৬৭-[১৮] মাসরাক (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি 'উমার (রাঃ)-এর সাথে সাক্ষাৎ করলাম। তিনি জিজ্ঞেস করলেন, 'তুমি কে'? আমি বললাম, আমি আজদা'-এর পুত্র মাসরাক। 'উমার(রাঃ) বললেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ শয়তানের এক নাম আজদা'। (আবূ দাউদ ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৪৯৫৭, ইবনু মাজাহ ৩৭৩১, য'ঈফুল জামি' ২২৭১, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৫৯০২, মুসনাদুল বাযযার ৩১৯, মুসনাদে আহমাদ ২১১।

হাদীস য'ঈফ হওয়ার কারণ, এর সনদে "মুজালিদ ইবনু সা'ঈদ" নামের একজন য'ঈফ বর্ণনাকারী আছে। তার ব্যাপারে ইমাম বুখারী বলেনঃ আমি তার হাদীস লিখি না, আমি তার হাদীস লিখি না, আমি তার হাদীস তার হাদীস করি না। অন্যবার বলেন, সে মিথ্যুক। ইমাম যাহাবী বলেনঃ সে একজন য'ঈফ বর্ণনাকারী। ইয়াহইয়া ইবনু মা'ঈন সহ অনেকে তাকে য'ঈফ বলেছেন। বিস্তারিত দেখুন- তাহযীবুল কামাল, রাবী নং ৫৭৮০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'আওনুল মা'বূদের মধ্যে মাসরুক বর্ণিত হাদীসে রয়েছে,

عَنْ مَسْرُوقٍ، قَالَ: لَقِيتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ ١٤، فَقَالَ: مَنْ أَنْتَ؟ قُلْتُ مَسْرُوقُ بْنُ الْأَجْدَعِ، فَقَالَ عُمَرُ: سَمِعْتُ



رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: "الْأَجْدُعُ: شَيْطَانٌ

অর্থাৎ- মাসরক (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি 'উমার ইবনুল খত্ত্বাব -এর সঙ্গে সাক্ষাৎ করেছি। অতঃপর তিনি বলেছেন। তুমি কে? আমি বললামঃ مسروق بن الاجدع (মাসরক ইবনুল আজদা')। অতঃপর 'উমার বললেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি বলেন, الاجدع (আল আজদা'): শয়তান, অর্থাৎ শয়তানসমূহের একটি শয়তানের নাম।

শিক্ষা : لاجدع (আল আজদা') কারও নাম না রাখা, যেহেতু শয়তানের নামের সঙ্গে সাদৃশ্য হয়। (আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৪৯৪৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মাসরূক (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন